

শিক্ষা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের হল থেকে শিক্ষার্থীর লাশ উদ্ধার

প্রকাশ: ০৮ এপ্রিল, ২০২৩ ২১:১৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের হল থেকে শিক্ষার্থীর লাশ উদ্ধার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



আরাফাত সিয়াম।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) মীর মশাররফ হোসেন হলের কক্ষ থেকে
আরাফাত সিয়াম নামের এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। সিয়াম
বিশ্ববিদ্যালয়ের পদাৰ্থবিজ্ঞান বিভাগের ৪৫তম ব্যাচ এবং মীর মশাররফ হোসেন
আবাসিক হলের ছাত্র। ওই হলের বি ব্লকের ১১৫ নম্বর কক্ষে থাকতেন তিনি।

মঙ্গলবার (৪ এপ্রিল) সন্ধ্যা ৭টার দিকে সিয়ামের ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। তার
গ্রামের বাড়ি নীলফামারি জেলায়।

প্রত্যক্ষদর্শীদের থেকে জানা যায়, মাগরিবের নামাজের পর তার রুমে গিয়ে দরজায়

নক করেন সহপাঠীরা। সাড়াশব্দ না পেয়ে জানালা দিয়ে উঁকি দিয়ে কক্ষের ভেতরে

কিছু একটা ঝুলতে দেখেন তারা। পরে জানালার কাচ ভাঙলে ফ্যানের সিলিংয়ের

সাথে তাকে ঝুলত অবস্থায় দেখতে পাওয়া যায়। এ সময় সহপাঠীরা কক্ষের দরজা

ভেঙে তৎক্ষণিক তাকে জাবি মেডিক্যালে নিয়ে যান। মেডিক্যালের কর্তব্যরত

চিকিৎসক প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রের চিকিৎসক বীরেন্দ্ৰ

কুমার বিশ্বাস।

এদিকে প্রাথমিকভাবে তার রুমের পড়ার টেবিলে 'Death; An Inside Story'

নামে সদগুরুর লেখা একটি বই পাওয়া যায়। এ ছাড়া গত ৩ এপ্রিল তোররাতে তার

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দেন। সেখানে আধ্যাত্মিকতা

চর্চার বিভিন্ন বিষয়, মৃত্যু, আত্মা, দেহ, জীবনের উদ্দেশ্য, মেডিটেশন ইত্যাদি নিয়ে

বিশদভাবে আলোচনা করেছেন।

মীর মশাররফ হোসেন হলের প্রাধ্যক্ষ ওবায়দুর রহমান বলেন, শিক্ষার্থীরা তাকে তার

রুমে ঝুলত অবস্থায় পেয়ে মেডিক্যালে নিয়ে এসেছেন। সেখানে কর্তব্যরত চিকিৎসক

তাকে মৃত ঘোষণা করেছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর আ স ম ফিরোজ উল হাসান বলেন, তার পরিবারের একজন

সদস্যের সাথে কথা হয়েছে। তিনি ঢাকা থেকে আসছেন। তিনি এলে তাদের

ইচ্ছানুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।